রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ২৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ১৪, ২০১৬

সূচীপত্র

| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৮৯—৬০২ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ২৯ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৬৫৫—৬৭২ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৫—৯৮ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৮৩৩—৮৫১ | (৬) ............................ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |

## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**মাঠ প্রশাসন-১ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ১০ কার্তিক ১৪২২/২৫ অক্টোবর ২০১৫

**নং ০৫.০০.০০০০.১৩৭.১৫.০৩৮.১১-৫১১**—অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-১ এর ০৫-০২-২০১৫ খ্রিঃ তারিখের ০৭.১৫১.০১৫.০৫.০০.০০৯.২০১১/৪০ সংখ্যক স্মারক ও বাস্তবায়ন শাখা-২ এর ৩০-০৪-২০১৫ খ্রি. তারিখের ০৭.০০.০০০০.১৬২.০৫.০১২.১১-৮২ নম্বর স্মারক পত্রে প্রদত্ত সম্মতি; জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতি; এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১১-০৬-২০১৫ খ্রিঃ. তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৪.১৫-১৬৭ সংখ্যক স্মারকে প্রেরিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর এ ০১ (এক)টি সহকারী কমিশনারের পদ স্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | পদের নাম | বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারিত বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুসারে) | বেতন নির্ধারণের শর্ত/ভিত্তি | পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | সহকারী কমিশনার | টা. ১১,০০০—২০,৩৭০ (নবম গ্রেড) | ক্যাডার সার্ভিস পদ। বিসিএস (প্রশাসন) ক্যাডার কর্মকর্তাদের মধ্যে হতে পদায়নের শর্তে | ০১ (এক)টি |

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট খাত হতে এ সংক্রান্ত ব্যয় নির্বাহ করা হবে।

৩। বিধি মোতাবেক সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

**খালেদা আখতার**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**[ একই নম্বর ও একই তারিখের সরকারি আদেশের স্থলাভিষিক্ত হবে ]**

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২২/৭ ডিসেম্বর ২০১৫

**নং ২৩.০০.০০০০.০৯০.২৮.০১.০৮(অংশ-১)-৬৮৭**—নির্দেশিত হয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামো পুনর্গঠনের লক্ষ্যে উপসহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসকের তিনটি পদ ও চারটি ডুপ্লিকেটিং মেশিন বিলুপ্তকরণে এবং তিনটি নতুন যানবাহন ও নয়টি কম্পিউটার প্রাধিকারভুক্তকরণ ও মহাপরিচালকের পদসহ বিভিন্ন ক্যাটাগরীর ৪৬টি নতুন পদ অস্থায়ীভাবে রাজস্ব খাতে সৃজনে নিম্নরূপভাবে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো :

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | পদের নাম | বিদ্যমান পদ সংখ্যা | নবসৃষ্ট পদ সংখ্যা | মোট পদ সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী) এবং নিয়োগ যোগ্যতা/ অভিজ্ঞতা |
| (১) | মহাপরিচালক | - | ০১টি | ০১টি | **খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতা:** অতিরিক্ত সচিব/যুগ্মসচিব পদমর্যাদার কর্মকর্তাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতনস্কেল নির্ধারণ করা হলো না। |
| (২) | পরিচালক | ০১টি | ০১টি | ০২টি | **খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতা:** যুগ্মসচিব/উপসচিব পদমর্যাদার কর্মকর্তাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতনস্কেল নির্ধারণ করা হলো না। |
| (৩) | উপপরিচালক | ০১টি | ০১টি | ০২টি | **খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতা:** উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতনস্কেল নির্ধারণ করা হলো না। |
| (৪) | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এমইও) | ০৩টি | - | ০৩টি | |
| (৫) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার | ১৫টি | ০৪টি | ১৯টি | **খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতা:** উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতনস্কেল নির্ধারণ করা হলো না। |
| (৬) | সহকারী পরিচালক | ০৩টি | ০১টি | ০৪টি | **টাঃ ১৮,৫০০—২৯,৭০০/- (৬ নং গ্রেড)**<br>**খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতা:** সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের খসড়া নিয়োগ বিধিমালা ২০১৩ এর তফসিল-৮ অনুযায়ী পদটি পূরণযোগ্য। |
| (৭) | সহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (এএমইও) | - | ০৩টি | ০৩টি | টাঃ ১১,০০০—২০,৩৭০/- (৯ নং গ্রেড)<br>**খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতা:** এসডিও/প্রশাসনিক কর্মকর্তা/উপসহকারী পরিচালক (ভূমি)/শিক্ষা কর্মকর্তা/হিসাবরক্ষণ কর্মকর্তা/আইন কর্মকর্তা/উপসহকারী প্রকৌশলী (সিভিল) পদে ৫ (পাঁচ) বছর চাকরি পূর্তিতে পদোন্নতির মাধ্যমে পদটি ১০০% পূরণযোগ্য। |
| (৮) | সহকারী প্রকৌশলী (সিভিল) | - | ০১টি | ০১টি | টাঃ ১১,০০০—২০,৩৭০/- (৯ নং গ্রেড)<br>**খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতা:** স্বীকৃত প্রাপ্ত বিশ্ববিদ্যালয় থেকে বিএসসি-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং ডিগ্রীধারী। |

| ক্রমিক নং | পদের নাম | বিদ্যমান পদ সংখ্যা | নবসৃষ্ট পদ সংখ্যা | মোট পদ সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী) এবং নিয়োগ যোগ্যতা/ অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| (৯) | সহকারী প্রোগ্রামার | - | ০১টি | ০১টি | টাঃ ১১,০০০—২০,৩৭০/- (৯ নং গ্রেড)<br>The Computer Personnel (Government and Local Authorities Recruitment Rules, 1985 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (১০) | উপসহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক (ডিএএমআইও) | ০৩টি | বিলুপ্ত | .. | |
| (১১) | সাব-ডিভিশনাল অফিসার (এসডিও) | ০৭টি | ০২টি | ০৯টি | টাঃ ৮,০০০—১৬,৫৪০/- (১০ নং গ্রেড)<br>The Non-Gazetted Service Personnel (Bangladesh Military Land and Cantonment) Recruitment Rules, 1984 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (১২) | প্রশাসনিক কর্মকর্তা | ০১টি | - | ০১টি | |
| (১৩) | উপসহকারী পরিচালক (ভূমি) | ০১টি | - | ০১টি | |
| (১৪) | শিক্ষা অফিসার | ০১টি | - | ০১টি | |
| (১৫) | আইন কর্মকর্তা | - | ০১টি | ০১টি | টাঃ ৮,০০০—১৬,৫৪০/- (১০ নং গ্রেড)<br>স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় থেকে আইন বিষয়ে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীধারী। |
| (১৬) | উপসহকারী প্রকৌশলী (সিভিল) | - | ০১টি | ০১টি | টাঃ ৮,০০০—১৬,৫৪০/- (১০ নং গ্রেড)<br>স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড থেকে ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়াররিং কোর্স সম্পন্নের সনদধারী হতে হবে। |
| (১৭) | হিসাবরক্ষণ কর্মকর্তা | - | ০১টি | ০১টি | টাঃ ৮,০০০—১৬,৫৪০/- (১০ নং গ্রেড)<br>**খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতা:** হিসাব রক্ষণ/ ক্যাশিয়ার পদে ০৫ (পাঁচ) বছর চাকরি পূর্তিতে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য/উপযুক্ত প্রার্থী না থাকলে সেক্ষেত্রে সরাসরি নিয়োগ-বাণিজ্য বিভাগে স্নাতকত্তোর ডিগ্রী। |
| (১৮) | হিসাব রক্ষক | ০৪টি | - | ০৪টি | |
| (১৯) | ক্যাশিয়ার | ০৩টি | ০১টি | ০৪টি | টাঃ ৫,৫০০—১২,০৯৫/- (১৩ নং গ্রেড)<br>The Non-Gazetted Service Personnel (Bangladesh Military Land and Cantonment) Recruitment Rules, 1984 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (২০) | সার্ভেয়ার ড্রাফটসম্যান | ০৫টি | ০২টি | ০৭টি | টাঃ ৫,২০০—১১,২৩৫/- (১৪ নং গ্রেড)<br>The Non-Gazetted Service Personnel (Bangladesh Military Land and Cantonment) Recruitment Rules, 1984 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (২১) | সাঁট-লিপিকার-কাম-কম্পিউটার-অপারেটর (স্টেনোগ্রাফার) | ০১টি | - | ০১টি | |
| (২২) | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার-অপারেটর (স্টেনোটাইপিস্ট) | ০৪টি | - | ০৪টি | |
| (২৩) | উচ্চমান সহকারী | ০৬টি | - | ০৬টি | |
| (২৪) | অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ১২টি | ০৬টি | ১৮টি | টাঃ ৪,৭০০—৯,৭৪৫/- (১৬ নং গ্রেড)<br>উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ গতি প্রতি মিনিটে বাংলা-২০ ও ইংরেজি-২৮ শব্দ থাকতে হবে। |

| ক্রমিক নং | পদের নাম | বিদ্যমান পদ সংখ্যা | নবসৃষ্ট পদ সংখ্যা | মোট পদ সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী) এবং নিয়োগ যোগ্যতা/ অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| (২৫) | এমই ওভারশিয়ার | ০৩টি | - | ০৩টি | |
| (২৬) | রেকর্ড কিপার | ০৪টি | - | ০৪টি | |
| (২৭) | গাড়ি চালক | ০৪টি | ০৩টি | ০৭টি | টাঃ ৪,৭০০—৯,৭৪৫/- (১৬ নং গ্রেড)<br>The Non-Gazetted Service Personnel (Bangladesh Military Land and Cantonment) Recruitment Rules, 1984 অনুযায়ী পদ পূরণযোগ্য। |
| (২৮) | চেইনম্যান | - | ০৭টি | ০৭টি | টাঃ ৪,৫০০—৮,৫৮০/- (১৭ নং গ্রেড)<br>**খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী যোগ্যতাঃ** এসএসসি পাশসহ স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড থেকে ন্যূনতম ০১ বছর মেয়াদী সার্ভে/ আমীনশীপ কোর্স পাশ। |
| (২৯) | ব্লু-প্রিন্টার | ০৩টি | - | ০৩টি | |

**আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী সেবামূল্য**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (৩০) | অফিস সহায়ক/ চৌকিদার/মালী | ৩৪টি | ০৮টি | ৪২টি | টাঃ ৭,৭৫০/- (সাকুল্যে)<br>আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী পদ পূরণের শর্তে ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য।<br>টাঃ ৭,৪৫০/- (সাকুল্যে)<br>চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টঙ্গী পৌর এলাকার জন্য। |
| (৩১) | পরিচ্ছন্নতাকর্মী | ০৪টি | ০১টি | ০৫টি | টাঃ ৭,২০০/- (সাকুল্যে)<br>অন্যান্য এলাকার জন্য। |
| | সর্বমোট= | ১২৩টি | ৪৬টি | ১৬৬টি | |

**যানবাহনঃ**

| ক্রমিক নম্বর | যানবাহনের নাম | বিদ্যমান যানবাহনের সংখ্যা | নবসৃষ্ট যানবাহনের সংখ্যা | মোট যানবাহন |
|---|---|---|---|---|
| (১) | কার | ০১টি | ০১টি | ০২টি |
| (২) | জীপ | ০৩টি | ০১টি | ০৪টি |
| (৩) | মাইক্রোবাস | - | ০১টি | ০১টি |
| | সর্বমোট= | ০৪টি | ০৩টি | ০৭টি |

**অফিস সরঞ্জামঃ**

| ক্রমিক নম্বর | সরঞ্জামাদির নাম | বিদ্যমান সরঞ্জামাদির সংখ্যা | নবসৃষ্ট সরঞ্জামাদির সংখ্যা | মোট সরঞ্জামাদি |
|---|---|---|---|---|
| (১) | ফটোকপিয়ার | ০৪টি | - | ০৪টি |
| (২) | ডুপ্লিকেটিং মেশিন | ০৪টি | বিলুপ্ত | - |
| (৩) | কম্পিউটার | ১৪টি | ০৯টি | ২৩টি |
| | সর্বমোট= | ২২টি | ০৯টি | ৩১টি |

**শর্তাবলীঃ**

(ক) অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের বাস্তবায়ন শাখা-১ এর স্মারক নং ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৫.১৩-২৬; তারিখঃ ৯ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিঃ তারিখের পত্রে বর্ণিত বিদ্যমান সকল সহকারী পরিচালক পদের মধ্যে বেতনস্কেলে সামঞ্জস্যতা আনয়নের লক্ষ্যে নবসৃজিত সহকারী পরিচালক পদের বেতনস্কেলসহ সকল সহকারী পরিচালক পদের বেতনস্কেল ৬ষ্ঠগ্রেডে নির্ধারণসহ সুপারিশকৃত বেতনস্কেল ০৫ নম্বর কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে এবং এ খসড়া নিয়োগ যোগ্যতা অনুমোদিত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করতে হবে। উক্ত শর্তের ব্যত্যয় ঘটিয়ে বেতনস্কেল কার্যকর করা যাবে না;

(খ) এ আদেশ জারির তারিখ থেকে পদগুলো/অফিস সরঞ্জামাদি সৃজিত/বিলুপ্ত হবে;

(গ) অফিস সহায়ক/চৌকিদার/মালি/পরিচ্ছন্নতাকর্মী পদগুলো আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী পূরণ করতে হবে;

(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে ২০০৩ তারিখের মপবি/কঃবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ নং সরকারি আদেশ অনুসরণ করতে হবে;

(ঙ) প্রয়োজনীয় ক্ষেত্রে নিয়োগ বিধিমালা সংশোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(চ) প্রযোজ্য ক্ষেত্রে সরকারের অন্যান্য বিধি-বিধান অনুসরণ করতে হবে;

(ছ) জারির তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

৩। এতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন রয়েছে।

৪। এ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখের প্রম/সা-১/২০০৮/ডি-৯/অংশ-১/৩৩৯ নম্বর স্মারকের সরকারি আদেশটি বাতিল করা হলো।

**ফারাহ্ শাম্মী**
উপসচিব।

---

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**

**প্রশাসন শাখা-৫**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২২/১৪ ডিসেম্বর ২০১৫

**নং ২৫.০১৮.০০৫.০২.০০.০২৪.২০১৪-৪৩১**—যেহেতু, জনাব মোঃ আনিসুজ্জামান, সহকারী পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রামে কর্মরত অবস্থায় গত ২৫-০২-২০১৩ তারিখ হতে ক্রমাগত ৬০ (ষাট) দিনের অধিককাল অননুমোদিতভাবে কর্তব্য কর্মে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) ও (সি) উপবিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলা রুজু করে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২৭-১০-২০১৪ তারিখের ২৫.০১৮.০০৫.০২.০০.০২৪.২০১৪-২৭৩ নং স্মারকে অভিযুক্তকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয়;

যেহেতু, জনাব মোঃ আনিসুজ্জামান কারণ দর্শানোর কোনো জবাব দাখিল করেননি। ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তের আবশ্যকতা প্রতীয়মান হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য জনাব মনিরুল হুদা, উপ সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) ও (সি) উপবিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার নথি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ আনিসুজ্জামান এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে উক্ত বিধিমালার বিধি ৭ এর উপবিধি (৬) অনুযায়ী অভিযুক্ত কর্মকর্তাকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ০৮-০৭-২০১৫ তারিখের স্মারক নং ২৫.০১৮.০০৫.০২.০০.০২৪. ২০১৪-২৩৮ মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেননি, তাই তার বিরুদ্ধে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ এর উপবিধি (৭) মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের নিকট মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন জনাব মোঃ আনিসুজ্জামানকে "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

সেহেতু, জনাব মোঃ আনিসুজ্জামান, সহকারী পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) ও (সি) উপবিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'ডিজারশন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করা হলো এবং একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি (৩) এর (ডি) অনুযায়ী "চাকরি হতে বরখাস্ত" (Dismissal from service) করা হলো।

এ আদেশ জনাব মোঃ আনিসুজ্জামান এর বিনা অনুমতিতে অনুপস্থিতির তারিখ ২৫-০২-২০১৩ হতে কার্যকর হবে।

**মোহাম্মদ মঈনউদ্দীন আবদুল্লাহ্**
সচিব।

**ভূমি মন্ত্রণালয়**

**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৭ আশ্বিন ১৪২২/২২ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৬.৪৯.০২.১৫-৩৫০**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | থানার নাম | জেলার নাম | খতিয়ান নং |
|---|---|---|---|---|---|
| (১) | শিবপুর | ০৯ | ধানমন্ডি | ঢাকা | ১০২৯ ও ১০৩০=০২টি |

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।

---

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা**

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৫ পৌষ ১৪২২/২৯ ডিসেম্বর ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৯.১৪-৪০৫**—যেহেতু জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত) প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে ২৭-০১-২০১০ তারিখের আরএইচই-১/৮পি-২/৯৩-৩৫ সংখ্যক স্মারকমূলে ২৭-০১-২০১০ তারিখ অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ হতে ০৪ (চার) বছরের জন্য যুক্তরাষ্ট্রে বৈদেশিক চাকরিতে লিয়েন মঞ্জুর করা হয়;

যেহেতু পরবর্তিতে তাঁর ২০-০১-২০১৪ তারিখের আবেদন, নির্ধারিত সময়ে প্রত্যাবর্তন না করলে তাঁর ভাই জনাব মোঃ শারাফত হোসেন কর্তৃক লিয়েন সময়কালের অর্থাৎ ০৫ বৎসরের বেতন-ভাতাদি ০১ মাসের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদানের অঙ্গীকারনামা এবং প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের সুপারিশের প্রেক্ষিতে ১৭-০৯-২০১৪ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০০২.১৯৯৩-৭২৮ সংখ্যক মঞ্জুরীকৃত পত্রে ০১-০৩-২০১৫ তারিখের মধ্যে চাকরিতে যোগদান করার শর্ত আরোপ করে লিয়েনের মেয়াদ এক বৎসর বর্ধিত করা হয়;

যেহেতু তাঁর অনুকূলে মঞ্জুরীকৃত লিয়েনের মেয়াদ ০১-০৩-২০১৫ তারিখ শেষ হয়েছে। লিয়েন মেয়াদ শেষ হওয়ার পর কর্মস্থলে যোগদান না করায় তাঁকে গত ১৮-০৩-২০১৫ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০০২.১৯৯৩-২৩৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গত ০২-০৩-২০১৫ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু তাঁর উপর্যুক্ত কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নম্বর ২০/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরুক্ত কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নিদের্শ প্রদান করা হয়। তিনি জবাব প্রদান করেন এবং তাঁকে অভিযোগ হতে অব্যাহতি প্রদান ও সাময়িক বরখাস্তের আদেশ বাতিল করত চাকুরীতে পুনঃবহালের অনুরোধ করেন;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটিতে তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক ড. সৈয়দা সালমা বেগম, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ১৬-০৮-২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক

০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ২৪-৮-২০১৫ তারিখের দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। তিনি ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রেরণ করেন;

যেহেতু জনাব মোঃ আসিফ হাসান এর লিখিত নিশ্চয়তা ও তাঁর ভাই এর যথাযথ পদ্ধতিতে অঙ্গীকার প্রদানের প্রেক্ষিতে তাঁর লিয়েন মেয়াদ এক বৎসর সরকার কর্তৃক সরল বিশ্বাসে বৃদ্ধি করা হয়েছিল। কিন্তু তিনি সরকারের সহিত প্রতারণার আশ্রয় নিয়ে সময়ক্ষেপণ করেছেন এবং তিনি নির্ধারিত সময়ে দেশে প্রত্যাবর্তন করেননি। এমনকি অঙ্গিকারনামার প্রদত্ত অর্থও সরকারি কোষাগারে জমা প্রদান করেননি;

যেহেতু উল্লিখিত বর্ণনার প্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকরি হতে বরখাস্ত (Dismissal from service)) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public service Commission (Consultation) Regulation, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব মোঃ আসিফ হাসান (০০১০৩৯), নির্বাহী প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ০২-০৩-২০১৫ তারিখ থেকে চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১৮.১৫-৪০৬**—যেহেতু জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত) প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে Central Queensland University'র Centre for Railway Engineering (CRE)-এর Postgraduate Research International Scholarship (PRIS) এ Australia-তে Ph.D Programme-এ অধ্যয়নের নিমিত্ত তদানীন্তন সড়ক ও রেলপথ বিভাগের ০৬-০১-২০০৯ তারিখের আরএইচই-১/৮পি-৮৯/০৮-২৪ সংখ্যক স্মারকে ১৫-০৩-২০০৯ তারিখ হতে ৩১-০৩-২০১২ তারিখ পর্যন্ত শর্ত সাপেক্ষে প্রেষণ মঞ্জুর করা হয়;

যেহেতু তাঁর গত ০৪-০১-২০১২ তারিখের আবেদন এবং প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তরের ১৮-০১-২০১২ তারিখের ১২৫-ই সংখ্যক স্মারকের সুপারিশের প্রেক্ষিতে সড়ক বিভাগের গত ১১-০৪-২০১২ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৮৯.২০০৮-১৯০ সংখ্যক প্রজ্ঞাপমূলে ০১-০৪-২০১২ তারিখ হতে ৩১-০৩-২০১৩ তারিখ পর্যন্ত বর্ধিত সময়ের মধ্যে কোর্স সমাপ্ত করে দেশে প্রত্যাগমন করবেন শর্তে আরও ০১ (এক) বছর অর্ধগড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করা হয়;

যেহেতু তিনি গত ১৮-১০-২০১২ তারিখ উক্ত Ph.D কোর্স সম্পন্ন করার লক্ষ্যে পুনরায় ০১ (এক) বছর শিক্ষা ছুটি বর্ধিত করার আবেদন করেন। তদপ্রেক্ষিতে গত ০৩-০৪-২০১৩ তারিখের ২১৯ ও ২২০ সংখ্যক স্মারকদ্বয়ে তাঁর আবেদনকৃত ছুটি ইতোপূর্বে জারীকৃত প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তের পরিপন্থি হওয়ায় তা না মঞ্জুর করে ১ (এক) মাসের মধ্যে দেশে ফেরত এসে কর্মস্থলে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি গত ০২-০৫-২০১৩ তারিখ দেশে প্রত্যাবর্তন করে ০৫-০৫-২০১৩ তারিখ প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করেন। তদপ্রেক্ষিতে কোর্স অসম্পূর্ণ থাকার কারণ, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মূল্যায়ন না থাকার কারণ এবং কিসের ভিত্তিতে অতিরিক্ত ছুটির আবেদন করেছেন তা প্রধান প্রকৌশলীর মাধ্যমে জানানোর জন্য গত ০২-০৬-২০১৩ তারিখের ৩৭৮ সংখ্যক স্মারকে অনুরোধ করা হয়;

যেহেতু উক্ত পত্রের জবাব ইচ্ছাকৃতভাবে প্রদান না করে গত ২৬-০৫-২০১৩ তারিখ পদত্যাগ পত্র দাখিল করে গত ২৭-০৫-২০১৩ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এ প্রেক্ষাপটে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের গত ২২-০২-২০১৫ তারিখের ১৬৯ নম্বর প্রজ্ঞাপনমূলে তাঁকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু তাঁর উক্তরুপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ এর (বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ১৯/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উপরুক্ত কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নিদের্শ প্রদান করা হয়। তাঁর নিকট হতে কোন জবাব পাওয়া যায়নি;

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরীক্ষান্তে বিভাগীয় মামলাটিতে তদন্তের প্রয়োজনীয়তা অনুভূত হওয়ায় সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক ড. সৈয়দা সালমা বেগম, উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্ত কর্মকর্তা গত ১৩-০৮-২০১৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তাঁর বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাঁকে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য গত ২৭-৮-২০১৫ তারিখের দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়;

যেহেতু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবও পাওয়া যায়নি। তদপ্রেক্ষিতে তাঁকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকরি হতে বরখাস্ত (Dismissal from service)) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) Regulation, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত) প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে চাকুরী হতে বরখাস্ত (Dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত) প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

সেহেতু এক্ষণে জনাব অসীম কৃষ্ণ সজ্জন (০০৬০০৯), উপ-বিভাগীয় প্রকৌশলী (সাময়িকভাবে বরখাস্ত) প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩)(ডি) মোতাবেক গত ২৭-০৫-২০১৩ তারিখ থেকে চাকরি হতে বরখাস্ত (Dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০২২.১৫.০৩৭.১৫-৯৯৭**—জনাব মোঃ ওমর ফারুক (৬০০৪৪০), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), সড়ক ও জনপথ অধিদপ্তর, ফেরি উপ-বিভাগ, পটুয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব মোঃ ওমর ফারুক, ফেরী উপ-বিভাগ, পটুয়াখালী কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ৩ জানুয়ারি ২০১৬

**নং ৩৫.০২২.০১৫.০০.০০.০১২.২০১৩-১০**—জনাব রাকিব আহমেদ (৬০২২৭৭), সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, মনিটরিং সার্কেল, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক চাকরি থেকে ২৫-০৮-২০১৫ তারিখ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে জনাব রাকিব আহমেদ সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**স্বশাসিত সংস্থা-বিসিক শাখা**

**আদেশ**

তারিখ: ১৩ পৌষ ১৪২২/২৭ ডিসেম্বর ২০১৫

**নং ৩৬.০০.০০০০.০৬৫.১৫.০৩০.১০-৩০৩**—আমি আদিষ্ট হয়ে শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়িত "নৈপণ্য বিকাশ কেন্দ্র, গোপালগঞ্জ" শীর্ষক সমাপ্ত প্রকল্পের আওতায় অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত নিম্নবর্ণিত ১৩ ক্যাটাগরির ১৬ (ষোল) টি অস্থায়ী পদ ০১-০৬-২০১৪ হতে ৩১-০৫-২০১৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর ভূতাপেক্ষ সংরক্ষণের সরকারি আদেশ নিম্নোক্ত শর্তে জারি করছি:

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী বেতনস্কেল |
|---|---|---|---|
| (১) | বিশেষজ্ঞ (উপ ব্যবস্থাপক পদ মর্যাদার) | ০১টি | ১৮৫০০-২৯৭০০/- (৬নং স্কেল) |
| (২) | ইন্সট্রাক্টর (মোবাইল টেকনোলজি) | ০১টি | ৮০০০-১৬৫৪০/- (১০ নং স্কেল) |
| (৩) | ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) | ০১টি | ৮০০০-১৬৫৪০/- (১০ নং স্কেল) |
| (৪) | ইন্সট্রাক্টর (কম্পিউটার) | ০১টি | ৮০০০-১৬৫৪০/- (১০ নং স্কেল) |
| (৫) | ইন্সট্রাক্টর (ফুড প্রসেসিং) | ০১টি | ৮০০০-১৬৫৪০/- (১০ নং স্কেল) |
| (৬) | ইন্সট্রাক্টর (রেফ্রিজারেটর এণ্ড এয়ারকন্ডিশনার) | ০১টি | ৮০০০-১৬৫৪০/- (১০ নং স্কেল) |
| (৭) | ইন্সট্রাক্টর (মেশিনসপ প্রাকটিসেস) | ০১টি | ৮০০০-১৬৫৪০/- (১০ নং স্কেল) |
| (৮) | ইন্সট্রাক্টর (বুটিক এণ্ড স্ক্রিন প্রিন্টিং) | ০১টি | ৮০০০-১৬৫৪০/- (১০ নং স্কেল) |
| (৯) | পরিদর্শক | ০২(দুই)টি | ৫২০০-১১২৩৫/- (১৪ নং স্কেল) |
| (১০) | হিসাবরক্ষক তথা কোষাধ্যক্ষ | ০১টি | ৫২০০-১১২৩৫/- (১৪ নং স্কেল) |
| (১১) | ডাটা এন্ট্রি অপারেটর | ০১টি | ৪৭০০-৯৭৪৫/- (১৬ নং স্কেল)<br>৫২০০-১১২৩৫/- (১৪ নং স্কেল)<br>চাকুরীকালীন বিভাগীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়ার পর প্রদেয় |
| (১২) | পিয়ন | ০২(দুই)টি | আউট সোর্সিং এর নীতিমালা অনুযায়ী |
| (১৩) | গার্ড | ০২(দুই)টি | আউট সোর্সিং এর নীতিমালা অনুযায়ী |
| | মোট= | ১৬ (ষোল)টি | |

**শর্তসমূহ:**

(ক) আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫ হতে জারিকৃত ০৭-০৮-২০০৮ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-৫/বিবিধ-১/২০০৭/৫৯৭ নং স্মারকে বর্ণিত নীতিমালা অনুসরণ করতে হবে; এবং

(খ) এতদবিষয়ে প্রচলিত বিধি-বিধান ও অন্যান্য আনুষ্ঠানিকতা অবশ্যই পালন করতে হবে।

২। পদ সংরক্ষণের এ সরকারি আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

**মোঃ রেজাউল করিম**
সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১ শাখা**

**আদেশ**

তারিখ, ১০ পৌষ ১৪২২/২৪ ডিসেম্বর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১৪-৮৯০**—যেহেতু, ডাঃ খন্দকার আলী কাওসার (১১১০৩৭), জুনিয়র কনসালটেন্ট, সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আখাউড়া, ব্রাহ্মণবাড়ীয়া গত ০১-০১-২০১৪ খ্রিঃ তারিখ হতে 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত' থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৯-০৯-২০১৪ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১৪-৭৭১ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ০৪-০৫-২০১৫ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮১.২০১৪-২৪৬ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২৯-১০-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০৩২.২০১৫-৩৮০ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৫-১২-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ খন্দকার আলী কাওসার (১১১০৩৭), জুনিয়র কনসালটেন্ট, সার্জারী, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আখাউড়া, ব্রাহ্মণবাড়ীয়া-কে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০১-০১-২০১৪ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**আদেশ**

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০১৬.২০১৫-৩০৩**—যেহেতু, ডাঃ শারমিনা আফরীন শিমু (১৩২০১৭), সহকারী সার্জন, গোয়ালেরচর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ইসলামপুর, জামালপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা জবাব প্রদান করেন, সে প্রেক্ষিতে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীকালে তিনি হাজির হয়ে লিখিত বক্তব্য দাখিল করেন এবং অসুস্থতাজনিত কারণে তিনি কর্মস্থলে অনুপস্থিত ছিলেন মর্মে কাগজপত্র দাখিল করেন;

এমতাবস্থায়, নথিভুক্ত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, দাখিলকৃত জবাব, অদ্যকার শুনানী ও সামগ্রীক বিষয়াদী সূক্ষ্মভাবে বিশ্লেষণ করে অভিযুক্ত ডাঃ শারমিনা আফরীন শিমু (১৩২০১৭), সহকারী সার্জন, গোয়ালেরচর ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, ইসলামপুর, জামালপুর, বর্তমানে গোবিন্দশ্রী ইউনিয়ন উপস্বাস্থ্য কেন্দ্র, মদন, নেত্রকোণা একজন নবীন কর্মকর্তা। অসুস্থতাজনিত কারণে তিনি অনুপস্থিত ছিলেন যার স্বপক্ষে মেডিকেল সার্টিফিকেট দাখিল করায় তাকে ভবিষ্যতে সরকারি বিধি-বিধান অনুসরণ করতঃ সতর্কতার সহিত দায়িত্ব পালনের পরামর্শ দিয়ে অব্যাহতি প্রদান করতঃ এ বিভাগীয় মোকদ্দমা নিস্পত্তি করা হলো। তার অনুপস্থিত কাল গত ২৭-০৮-২০১৪ হতে ২৯-০৫-২০১৫ পর্যন্ত বিনাবেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হ'ল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

**জনস্বাস্থ্য-২ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৯ ডিসেম্বর ২০১৫

**নং ৪৫.১৬১.০০৬.০১.০০.০০১.২০১০-৮১৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় পুষ্টিবিষয়ক ন্যাশনাল প্লান অব এ্যাকশন বাস্তবায়নের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)-কে কান্ট্রি ফোকাল পয়েন্ট হিসেবে মনোনয়ন প্রদান করিল।

**কার্যপরিধি ঃ**

(১) জাতীয় ফোকাস পয়েন্ট (এনএফপি) জাতীয় পুষ্টিবিষয়ক ন্যাশনাল প্লান অব এ্যাকশন হালনাগাদকরণের জন্য প্রয়োজনীয় যোগাযোগ স্থাপন করবেন; সরকারি ও উন্নয়ন সহযোগী সংস্থাদের সাথে তহবিল সংগ্রহের বিষয়ে যোগাযোগ স্থাপন করবেন; খাতভিত্তিক প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (এডিবি) ও পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধনসহ সংশ্লিষ্ট সরকারি ও উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান থেকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা গ্রহণ করবেন।

(২) বিএনএনসি-র সচিবালয়ের কার্যক্রম এবং জাতীয় কারিগরি কমিটি, এনপিএএন-এর কার্যক্রম তদারক করবেন।

(৩) খসড়া এনপিএএন চূড়ান্ত করে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণপূর্বক বিএনএনসি/মন্ত্রিপরিষদের অনুমোদনের জন্য দাখিল করবেন।

(৪) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ (ইআরডি, পরিকল্পনা, অর্থ ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ) এর সাথে প্রয়োজনীয় সংযোগ স্থাপন করবেন।

**নং ৪৫.১৬১.০০৬.০১.০০.০০১.২০১০-৮১৭**—"পুষ্টি বিষয়ক ন্যাশনাল প্লান অব এ্যাকশন (NPAN)" বাস্তবায়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ সদস্য সমন্বয়ে জাতীয় কারিগরি কমিটি গঠন করিল :

**সভাপতি**

(১) সভাপতি, স্থায়ী কারিগরি কমিটি, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ

**সদস্যবৃন্দ**

(২) সেক্টোরাল প্রতিনিধি

(৩) প্রফেসর নাজমা শাহীন, পরিচালক, আইএনএফএস

(৪) চেয়ারম্যান, বিআইডিএস

(৫) প্রোগ্রাম ম্যানেজার, এনএনএস

(৬) প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ

(৭) প্রতিনিধি , BIRTAN

(৮) প্রতিনিধি, এফপিএমইউ

(৯) প্রতিনিধি, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান

(১০) প্রতিনিধি, আইসিডিডিআরবি

(১১) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

(১২) উপপ্রধান (স্বাস্থ্য), প্লানিং উইং

(১৩) প্রতিনিধি, ইউএসএইড

(১৪) প্রতিনিধি, ডিএফআইডি

(১৫) প্রতিনিধি, ডিএফটিএডি

(১৬) প্রতিনিধি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা

(১৭) প্রতিনিধি, ইউনিসেফ

(১৮) প্রতিনিধি, এফএও

(১৯) প্রতিনিধি, ইউএনডিপি

(২০) প্রতিনিধি, বিশ্ব ব্যাংক

(২১) প্রতিনিধি, এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক

(২২) ডা. এস এম মোস্তাফিজুর রহমান, কান্ট্রি ডাইরেক্টর, মাইক্রোনিউট্রিয়েন্ট ইনিশিয়েটিভ

(২৩) ডা. জেবা মাহমুদ, কান্ট্রি ডাইরেক্টর, Alive and Thrive

(২৪) ডা. কুন্তল রয়, জেপিজিএসপিএইচ, (JPGSPH), ব্রাক বিশ্ববিদ্যালয়

(২৫) প্রতিনিধি, এনএইচএসডিপি

(২৬) চেয়ারম্যান, Neonatology, বিএসএমএমইউ

(২৭) প্রফেসর নাজমুল হাসান, বিশিষ্ট পুষ্টিবিদ

(২৮) প্রতিনিধি, বাংলাদেশ খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষ

(২৯) প্রতিনিধি, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

(৩০) প্রতিনিধি, আইএফপিআরআই (IFPRI)

**সদস্য-সচিব**

(৩১) ডা. নাসরীন খান, সংযুক্ত; জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য অনুবিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**কার্যপরিধিঃ**

(১) পুষ্টি বিষয়ক এনপিএএন হালনাগাদ করার ক্ষেত্রে এই কমিটি প্রয়োজনীয় কারিগরি সহায়তা ও দিক নির্দেশনা দেবে।

(২) এ কমিটি এনপিএএন-এর সেক্টরাল কারিগরি কমিটির কার্যক্রম তদারক করবে।

(৩) এ কমিটি খসড়া এনপিএএন চূড়ান্ত এবং অনুমোদনের জন্য বিএনএনসি সচিবালয়ের মাধ্যমে জাতীয় ওয়ার্কিং কমিটিতে প্রেরণ করবে।

(৪) খসড়া এনপিএএন এর অগ্রগতি পর্যালোচনা করার জন্য এই কমিটি কমপক্ষে ৬ বার (প্রতি ৪ সপ্তাহে একবার) সভা করবে।

(৫) বিশেষজ্ঞ/সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধিদের মধ্যে থেকে সর্বোচ্চ ৫ জনকে এ কমিটি কো-অপ্ট করতে পারবে।

(৬) এনপিএএন-এর হালনাগাদকরণের সময় উদ্ভূত বিভিন্ন বিষয় সমাধানের লক্ষ্যে এই কমিটি প্রয়োজনে যে কোন সময় সভা করতে পারবে।

**নং ৪৫.১৬১.০০৬.০১.০০.০০১.২০১০-৮১৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ সদস্য সমন্বয়ে জাতীয় পুষ্টিবিষয়ক ন্যাশনাল প্লান অব এ্যাকশন বাস্তবায়নের জন্য ৪টি সেক্টরাল কমিটি গঠন করিল।

**(ক) সেক্টরাল কমিটি, স্বাস্থ্য, আরবান স্বাস্থ্য ও WASH**

**সভাপতি**

(১) সভাপতি, স্থায়ী কারিগরি কমিটি, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ

(৩) ডা. এস কে রয়, বিশিষ্ট পুষ্টিবিদ

(৪) প্রোগ্রাম ম্যানেজার, এনএনএস

(৫) প্রতিনিধি, আইসিডিডিআরবি

(৬) প্রতিনিধি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

(৭) প্রতিনিধি, ইউএসএইড

(৮) প্রতিনিধি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা

(৯) প্রতিনিধি, ইউনিসেফ

(১০) প্রতিনিধি, বিশ্ব ব্যাংক

(১১) প্রতিনিধি, এডিবি

(১২) প্রতিনিধি, এনএইচএসডিপি

(১৩) চেয়ারম্যান, নিওন্যাটোলোজি, বিএসএমএমইউ

(১৪) প্রফেসর নাজমুল হাসান, বিশিষ্ট পুষ্টিবিদ

(১৫) প্রতিনিধি, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

**সদস্য-সচিব**

(১৬) উপপ্রধান, পরিকল্পনা বিভাগ

**সদস্যবৃন্দ**

(১৭) প্রতিনিধি, ওয়াটারএইড

(১৮) প্রতিনিধি, আইএফপিআরআই (IFPRI)

**সদস্য-সচিব**

(১৯) পরিচালক, আইপিএইচএন

**(খ) সেক্টোরাল কমিটি-খাদ্য, কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদঃ-২**

**সভাপতি**

(১) মহা পরিচালক, এফ পি এম ইউ

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, খাদ্য মন্ত্রণালয়

(৪) প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(৫) প্রতিনিধি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ

(৬) প্রতিনিধি, BIRTAN

(৭) প্রতিনিধি, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান

(৮) প্রতিনিধি, ডিএফআইডি

(৯) প্রতিনিধি, এফএও

(১০) ডা. মাহবুব হোসেইন, পরামর্শক, ব্রাক

(১১) প্রতিনিধি, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

(১২) প্রতিনিধি, আইএফপিআরআই (IFPRI)

**সদস্য-সচিব**

(১৩) যুগ্মসচিব (জনস্বাস্থ্য -২)

**(গ) সেক্টোরাল কমিটি-মহিলা ক্ষমতায়ন, শিক্ষা, সামাজিক নিরাপত্তা, তথ্য-৩**

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(৪) প্রতিনিধি, সাধারণ অর্থনৈতিক বিভাগ

(৫) প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয়

(৬) প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

(৭) প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয়

(৮) প্রতিনিধি, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS)

(৯) প্রতিনিধি, ডিএফআইডি

(১০) প্রতিনিধি, ডিএফটিএডি

(১১) প্রতিনিধি, ইউএনডিপি

(১২) প্রতিনিধি, এডিবি

**সদস্য-সচিব**

(১৩) মি. মফিজুল ইসলাম, উপপ্রধান, স্বাস্থ্য-অর্থনীতি ইউনিট

**(ঘ) সেক্টেরাল কমিটি-এনপিএএন প্রাতিষ্ঠানিকীকরণঃ** অর্থ, পরিকল্পনা, বাজেট-৪

**সভাপতি**

(১) মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, সভাপতি

**সদস্যবৃন্দ**

(২) প্রতিনিধি, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়

(৩) প্রতিনিধি, পরিকল্পনা মন্ত্রণালয়

(৪) প্রতিনিধি, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ

(৫) প্রতিনিধি, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS)

(৬) মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো

(৭) উপ-প্রধান (স্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৮) প্রতিনিধি, ইউএসএইড

(৯) প্রতিনিধি, ডিএফআইডি

(১০) প্রতিনিধি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা

(১১) প্রতিনিধি, ইউনিসেফ

(১২) প্রতিনিধি, এফএও

(১৩) প্রতিনিধি, UNDP

(১৪) প্রতিনিধি, বিশ্ব ব্যাংক

(১৫) প্রতিনিধি, এডিবি

(১৬) প্রতিনিধি, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

(১৭) প্রতিনিধি, এফপিএমইউ

(১৮) প্রতিনিধি, Agricultural Policy Support Unit

(১৯) প্রতিনিধি, , Fisheries and Livestock Policy Support Unit

(২০) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ

**সদস্য-সচিব**

(২১) উপসচিব (জনস্বাস্থ্য-৩), স্বাস্থ্য ও পরিবার কলাণ মন্ত্রণালয়

**সেক্টোরাল কমিটিসমূহের কার্যপরিধি :**

(১) এই কমিটি এনপিএএন-এর স্ব স্ব সেক্টোরাল অংশের হালনাগাদ করার প্রয়োজনে বিভিন্ন বিভাগ/ প্রতিষ্ঠান/ এজেন্সি/সংস্থা থেকে তথ্য সংগ্রহের লক্ষ্যে সেক্টোরাল ফোকাল পয়েন্টের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবে।

(২) এনপিএএন-এর সেক্টোরাল অংশ হালনাগাদ করবে।

(৩) এনপিএএন-এর সেক্টোরাল কমিটির কার্যক্রমে প্রয়োজনীয় সহায়তা দিবে।

(৪) সেক্টোরাল কমিটিসমূহ স্বীয় সেক্টোরাল খসড়া এনপিএএন জাতীয় কারিগরী কমিটির নিকট পেশ করবে।

**নং ৪৫.১৬১.০০৬.০১.০০.০০১.২০১০-৮১৯**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপ সদস্য সমন্বয়ে "ন্যাশনাল প্লান অব এ্যাকশন অন নিউট্রিশন" এর প্রস্তুতি সংক্রান্ত জাতীয় ওয়াকিং কমিটি" গঠন করিল।

**সভাপতি**

(১) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৩) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(৪) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

(৫) মহাপরিচালক, পরিবার-পরিকল্পনা অধিদপ্তর

(৬) যুগ্ম-প্রধান (পরিকল্পনা)

(৭) পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান

(৮) পরিচালক, পুষ্টি বিজ্ঞান ইন্সিটিউট

(৯) প্রতিনিধি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(১০) প্রতিনিধি, পরিকল্পনা মন্ত্রণালয়

(১১) প্রতিনিধি, ইআরডি

(১২) প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ

(১৩) প্রতিনিধি, কৃষি মন্ত্রণালয়

(১৪) প্রতিনিধি, খাদ্য মন্ত্রণালয়

(১৫) প্রতিনিধি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(১৬) প্রতিনিধি, সমাজ কল্যাণ মন্ত্রণালয়

(১৭) প্রতিনিধি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(১৮) প্রতিনিধি, শিক্ষা মন্ত্রণালয়

(১৯) পতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

(২০) প্রতিনিধি, তথ্য মন্ত্রণালয়

(২১) চেয়াম্যান, বাংলাদেশ ফুড সেফটি অথরিটি

(২২) অধ্যাপক ডাঃ এম কিউ কে তালুকদার, বিশিষ্ট শিশু বিশেষজ্ঞ এবং পুষ্টিবিদ

(২৩) ডাঃ এস কে রয়, বিশিষ্ট পুষ্টিবিদ

(২৪) ডাঃ কাওসার আফসানা, বিশিষ্ট জনস্বাস্থ্য পুষ্টিবিদ

(২৫) সভাপতি, কারিগরি কমিটি, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ

**সদস্য-সচিব**

(২৬) সচিব, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ সচিবালয়

* মন্ত্রণালয় প্রতিনিধি-(যুগ্ম-সচিব পদমর্যাদার নীচে নহে)

**কার্যপরিধি ঃ**

(১) এই কমিটি পুষ্টি বিষয়ক ন্যাশনাল প্লান অব এ্যাকশন হালনাগাদকরণে সার্বিক দিক নির্দেশনা দেবে, সরকারি ও উন্নয়ন সহযোগী সংস্থাদের সাথে তহবিল সংগ্রহের বিষয়ে যোগাযোগ স্থাপন করবে, খাতভিত্তিক প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (এডিবি) ও পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাথে প্রয়োজনীয় সমন্বয় স্থাপন করবে।

(২) এই কমিটি এনপিএএন-প্রণয়নের জন্য গঠিত ন্যাশনাল কারিগরি কমিটি-এর কার্যক্রম তদারকি করবে।

(৩) বিএনএনসি/মন্ত্রিপরিষদের অনুমোদনের জন্য এনপিএএন এর খসড়া চূড়ান্ত করবে।

(৪) খসড়া এনপিএএন প্রস্তুতকরণের অগ্রগতি পর্যালোচনা করার জন্য এই কমিটি অন্তত ৩ বার (প্রতি ৮ সপ্তাহে একবার) আলোচনায় বসবে।

(৫) বিশেষজ্ঞ/সংশ্লিষ্ট সংস্থাসমূহের প্রতিনিধিদের মধ্যে থেকে সর্বোচ্চ ৫ জনকে এ কমিটি কো-অপ্ট করতে পারবে।

(৬) এনপিএএন-এর হালনাগাদকরণের সময় উদ্ভূত বিষয় সমাধানের লক্ষ্যে এই কমিটি প্রয়োজনে যে কোন সময় বসতে পারবে।

তারিখ, ২৬ ডিসেম্বর ২০১৫

**নং ৪৫.১৬১.০০৬.০১.০০.০০১.২০১০-৮৩৫**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পুষ্টি বিষয়ক কান্ট্রি ফোকাল পয়েন্ট অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)-কে আহ্বায়ক করে সংশ্লিষ্ট সেক্টর মন্ত্রণালয়/বিভাগের ফোকাস পয়েন্টদের (যুগ্ম-সচিব, উন্নয়ন/যুগ্ম-প্রধান) সমন্বয়ে জাতীয় পুষ্টিবিষয়ক ন্যাশনাল প্লান অব এ্যাকশন বাস্তবায়নের জন্য নিম্নরূপ কমিটি করিল :

**আহ্বায়ক**

(১) অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৩) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, পরিকল্পনা মন্ত্রণালয়

(৪) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, ইআরডি, অর্থ মন্ত্রণালয়

(৫) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, স্থানীয় সরকার বিভাগ

(৬) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়

(৭) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, খাদ্য মন্ত্রণালয়

(৮) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

(৯) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, সমাজকল্যাণ মন্ত্রণালয়

(১০) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

(১১) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, শিক্ষা মন্ত্রণালয়

(১২) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

(১৩) যুগ্ম-সচিব (উন্নয়ন)/যুগ্ম-প্রধান, তথ্য মন্ত্রণালয়

**কার্যপরিধি ঃ**

(১) পুষ্টি বিষয়ক ন্যাশনাল প্লান অব এ্যাকশন এর নিজ নিজ সেক্টরের অংশ হালনাগাদ এর জন্য সেক্টোরাল ফোকাল পয়েন্ট সংশ্লিষ্ট বিভাগ/এজেন্সী/সংস্থা সাথে প্রয়োজনীয় যোগাযোগ করবেন।

(২) এনপিএএন-এর সেক্টোরাল কমিটির কার্যক্রম দেখাশুনা করবে।

(৩) এনপিএএন-এর খসড়া সেক্টোরাল অংশ জাতীয় কারিগরি কমিটির কাছে দাখিল করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আব্দুল মালেক**
যুগ্মসচিব।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-৪ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ জুন ২০১৬/০৮ আষাঢ় ১৪২৩

বিষয় : **নির্বাহী আদেশে ০৪ জুলাই, ২০১৬ তারিখ সরকারি ছুটি ঘোষণা এবং ১৬ জুলাই, ২০১৬ তারিখ শনিবার কর্মদিবস ঘোষণা।**

**নং ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৪৮**—The Negotiable Instruments Act, 1881 এর ২৫ ধারার ব্যাখ্যায় সরকারকে প্রদত্ত ক্ষমতাবলে নির্বাহী আদেশে ০৪ জুলাই, ২০১৬ তারিখ সরকারি ছুটি ঘোষণা করা হলো এবং এর পরিবর্তে **১৬ জুলাই, ২০১৬ তারিখ শনিবার কর্মদিবস হিসেবে অফিস খোলা থাকবে।**

২। যে সকল অফিসের সময়সূচি ও ছুটি তাদের নিজস্ব আইন-কানুন দ্বারা নিয়ন্ত্রিত হয়ে থাকে অথবা যে সকল অফিস, সংস্থা ও প্রতিষ্ঠানের চাকরি সরকার কর্তৃক অত্যাবশ্যক চাকরি (Essential Service) হিসেবে ঘোষণা করা হয়েছে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট অফিস, সংস্থা ও প্রতিষ্ঠান নিজস্ব আইন-কানুন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে এ ছুটি ঘোষণা করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আলমগীর হোসেন**
সিনিয়র সহকারী সচিব।